বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট আইন, ২০০১

(২০০১ সনের ৩২ নং আইন)

বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট স্থাপনকল্পে প্রণীত আইন৷

যেহেতু বাংলাদেশের শিল্পীদের কল্যাণ সাধনে বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট নামে একটি ট্রাস্ট স্থাপন এবং এতদ্‌সংক্রান্ত বিভিন্ন বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা সমীচীন ও প্রয়োজন;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনামা

১৷ এই আইন বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট আইন, ২০০১ নামে অভিহিত হইবে৷

সংজ্ঞা

২৷ বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) “চেয়ারম্যান” অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(খ) “ট্রাস্ট” অর্থ এই আইনের অধীন স্থাপিত বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট;

(গ) “তহবিল” অর্থ ট্রাস্টের তহবিল;

(ঘ) “প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ঙ) “বোর্ড” অর্থ ধারা ৬ এর অধীন গঠিত ট্রাস্টী বোর্ড;

(চ) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(ছ) “ব্যবস্থাপনা পরিচালক” অর্থ ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক এবং ধারা ১২(৪) এর অধীন ব্যবস্থাপনা পরিচালকরূপে দায়িত্ব পালনরত ব্যক্তিও অন্তর্ভুক্ত হইবে;

(জ) “শিল্পী” অর্থ সাহিত্যিক, স্থপতি, ভাস্কর, চিত্রকর, অভিনয় শিল্পী, সংগীত শিল্পী, নৃত্য শিল্পী, আবৃত্তিকার এবং সৃজনশীল কোন কাজে নিয়োজিত ব্যক্তিও অন্তর্ভুক্ত হইবে;

(ঝ) “সদস্য” অর্থ বোর্ডের সদস্য৷

ট্রাস্ট স্থাপন

৩৷ (১) এই আইন বলবত্‌ হইবার পর, যতশীঘ্র সম্ভব, সরকার এই আইনের বিধান অনুযায়ী বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট নামে একটি ট্রাস্ট স্থাপন করিবে৷

(২) ট্রাস্ট একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার ও হস্তান্তর করার ক্ষমতা থাকিবে এবং ইহা মামলা দায়ের করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধে মামলা দায়ের করা যাইবে।

ট্রাস্টের কার্যালয়

৪। ট্রাস্টের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং বোর্ড, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যে কোন স্থানে শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

সাধারণ পরিচালনা ও প্রশাসন

৫। ট্রাস্টের পরিচালনা ও প্রশাসন ট্রাস্টী বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং ট্রাস্ট যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে বোর্ড সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

ট্রাস্টী বোর্ড গঠন

৬। (১) ট্রাস্টী বোর্ড নিম্নবর্ণিত সদস্য-সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

(ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, যিনি উহার চেয়ারম্যান হইবেন;

(খ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের সচিব, যিনি উহার ভাইস-চেয়ারম্যান হইবেন;

(গ) স্পীকার কর্তৃক মনোনীত দুইজন সংসদ সদস্য;

(ঘ) বাংলা একাডেমীর মহাপরিচালক;

(ঙ) শিল্পকলা একাডেমীর মহাপরিচালক;

(চ) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যুন যুগ্ম-সচিব পদমর্যাদাসম্পন্ন একজন কর্মকর্তা;

(ছ) তথ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যুন যুগ্ম-সচিব পদমর্যাদাসম্পন্ন একজন কর্মকর্তা;

(জ) সরকার কর্তৃক মনোনীত আটজন বিশিষ্ট শিল্পী;

(ঝ) ব্যবস্থাপনা পরিচালক, যিনি উহার সচিবও হইবেন।

(২) উপ-ধারা ১(চ) এর অধীন মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে তিন বত্সরের মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন।

(৩) শুধুমাত্র সদস্যপদে শূন্যতা বা বোর্ড গঠনে ত্রুটি থাকার কারণে বোর্ডের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তত্সম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

ট্রাস্টের কার্যাবলী

৭। ট্রাস্টের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:-

(ক) সাধারণভাবে অসচ্ছল শিল্পীদের কল্যাণ সাধন;

(খ) শিল্পীদের কল্যাণার্থে প্রকল্প অনুমোদন ও বাস্তবায়ন;

(গ) পেশাগত কাজ করিতে অক্ষম ও অসমর্থ শিল্পীকে আর্থিক সাহায্য প্রদান;

(ঘ) অসুস্থ শিল্পীর চিকিত্সার ব্যবস্থা করা বা আর্থিক সাহায্য প্রদান;

(ঙ) শিল্পকর্মে বিশেষ অবদানের জন্য বৃত্তি প্রদানের ব্যবস্থা করা;

(চ) শিল্পীদের মেধাবী ছেলে-মেয়েকে শিক্ষার জন্য এককালীন মঞ্জুরী, বৃত্তি কিংবা ষ্টাইপেন্ড প্রদান;

(ছ) দুর্ঘটনায় কোন শিল্পীর মৃত্যু ঘটিলে তাহার পরিবারবর্গকে সাহায্য প্রদান;

(জ) উপরি-উক্ত কার্যাবলী সম্পাদনের জন্য যে কোন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এই আইনের উদ্দেশ্যপূরণকল্পে অন্য যে কোন কার্য করা।

ব্যাখ্যা।- এই ধারায় “পরিবার” অর্থ সংশ্লিষ্ট শিল্পীর উপর আর্থিকভাবে নির্ভরশীল স্ত্রী বা স্বামী, পিতা ও মাতা এবং নির্ভরশীল পুত্র ও কন্যা।

বোর্ডের সভা

৮। (১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) বোর্ডের সভা, চেয়ারম্যানের সম্মতিক্রমে, উহার সচিব কর্তৃক আহূত হইবে এবং চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(৩) চেয়ারম্যান বোর্ডের সভায় সভাপতিত্ব করিবেন এবং তাঁহার অনুপস্থিতিতে ভাইস-চেয়ারম্যান এবং তাঁহাদের উভয়ের অনুপস্থিতিতে সভায় উপস্থিত সদস্যগণ কর্তৃক তাঁহাদের মধ্য হইতে নির্বাচিত কোন সদস্য সভাপতিত্ব করিবেন।

(৪) বোর্ডের সভার কোরামের জন্য মোট সদস্য-সংখ্যার অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি প্রয়োজন হইবে, তবে মুলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৫) বোর্ডের সভায় প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

ট্রাস্টের তহবিল

৯। (১) ট্রাস্টের একটি তহবিল থাকিবে এবং উহাতে নিম্নবর্ণিত অর্থ জমা হইবে, যথা:-

(ক) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;